# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪১৪

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮) মাঠে-ময়দানে নামায আদায় করার ব্যাপারে উদ্বুদ্ধকরণ

الترغيب في الصلاة في الفلاة

আরবী

(صحيح) وَ عَنْ سَلْمَانَ الْفَارِسِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ :"إِذَا كَانَ الرَّجُلُ بِأَرْضِ قِيٍّ، فَحَانَتِ الصَّلاةُ فَلْيَتَوَضَّأْ، فَإِنْ لَمْ يَجِدْ مَاءً فَلْيَتَيَمَّمْ، فَإِنْ أَقَامَ صَلَّى مَعَهُ مَلَكَاهُ، وَإِنْ أَذَّنَ وَأَقَامَ صَلَّى خَلْفَهُ مِنْ جُنُودِ اللَّهِ مَا لا يُرَى طَرَفَاهُ". (رواه عبد الرازق)
(صحيح) وتقدم حديث عقبة بن عامر عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَعْجَبُ رَبُّكُمْ مِنْ رَاعِي غَنَمٍ فِي رَأْسِ شَظِيَّةٍ يُؤَذِّنُ بِالصَّلَاةِ وَيُصَلِّي فَيَقُولُ اللَّهُ عَزَّ وَجَلَّ انْظُرُوا إِلَى عَبْدِي هَذَا يُؤَذِّنُ وَيُقِيمُ الصَّلَاةَ يَخَافُ مِنِّي قَدْ غَفَرْتُ لِعَبْدِي وَأَدْخَلْتُهُ الْجَنَّةَ. (رواه أبو داود والنسائي)

বাংলা

৪১৪. (সহীহ্) সালমান ফারসী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ’’যদি কোন ব্যক্তি জনমানবহীন এলাকায় অবস্থান করে। অতঃপর নামাযের সময় হয়ে যায়। তখন সে ওযু করে, পানি না পেলে তায়াম্মুম করে, তারপর যদি সে একামত দিয়ে নামায আদায় করে, তবে তার পিছনে সাথের দু’জন ফেরেশতা নামায আদায় করে। আর যদি আযান দেয় ও একামত দিয়ে নামায আদায় করে, তাহলে তার পিছনে দৃষ্টির শেষ সীমানা পর্যন্ত আল্লাহর সৈনিকরা নামায আদায় করে।’’

(আব্দুর রাজ্জাক হাদীছটি বর্ণনা করেছেন, আবূ দাউদ ১২০৩, নাসাঈ ২/২০)

পূর্বে উক্ববা বিন আমের (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীছ উল্লেখ হয়েছে। নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ

يَعْجَبُ رَبُّكَ مِنْ رَاعِي غَنَمٍ فِي رَأْسِ الشَّظِيَّةِ يُؤَذِّنُ وَيُصَلِّي، فَيَقُولُ اللَّهُ عَزَّ وَجَلَّ: انْظُرُوا إِلَى عَبْدِي هَذَا يُؤَذِّنُ مَخَافَتِي مني قَدْ غَفَرْتُ لِعَبْدِي وَأَدْخَلْتُهُ الْجَنَّةَ". رواه أبو داود والنسائي

"তোমার পালনকর্তা সেই ছাগলের রাখালের কাজে আশ্চর্যবোধ করেন, যে (ছাগল চরাতে গিয়ে) কোন পাহাড়ের টিলায় থাকে। (নামাযের সময় হলে) আযান দেয় ও নামায আদায় করে। মহামহিম আল্লাহ্ তখন বলেন, দেখ আমার এ বান্দাকে, সে আযান দিচ্ছে এবং নামায প্রতিষ্ঠা করেছে, সে আমাকে ভয় করছে। আমি আমার বান্দাকে ক্ষমা করে দিলাম এবং তাকে জান্নাতে প্রবেশ করালাম।"

(হাদীছটি বর্ণনা করেছেন আবু দাউদ ১২০৩, নাসাঈ ২/২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ সালমান ফারসী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88185

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন